

জরুরি  
তাগিদপত্র-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
সরকারি পরিবহন পুল ভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা  
গেজেট অধিশাখা  
www.molwa.gov.bd

০৬ ভাদ্র ১৪২৩ বঃ

২১ আগস্ট ২০১৭ খ্রিঃ

স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৪.৪৮৩(২).১৬-২৫২৬

তারিখ

- সূত্রঃ (০১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ১৯৩৭, তারিখ: ২১/০৬/২০১৭  
(০২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ২০১৫, তারিখ: ১২/০৭/২০১৭ এবং  
(০৩) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ২১৭৪, তারিখ: ০১/০৮/২০১৭

বিষয়ঃ উপজেলাধীন সকল মুক্তিযোদ্ধার তথ্যাদি নির্ধারিত ছকে প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ০১নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে উপজেলাওয়ারী মুক্তিযোদ্ধাদের তথ্যাদি, সংযুক্ত ছকে, পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে এবং পরবর্তীতে ০২নং সূত্রোক্ত তাগিদপত্রের মাধ্যমে ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে যাচিত তথ্যাদি/প্রতিবেদন প্রেরণের অনুরোধ করা হয়েছিল। তৎপরবর্তীতে ই-মেইলের মাধ্যমেও তাগিদ প্রদান করা হয়েছিল।

২০/০৭/২০১৭ ও ২১/০৭/২০১৭ তারিখে সকল জেলা প্রশাসককে টেলিফোনের মাধ্যমে বিষয়টি অবহিত করে যাচিত তথ্যাদি নির্ধারিত ছকে ২৫/০৭/২০১৭ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল।

০১/০৮/২০১৭খ্রিঃ তারিখে ২১৭৪নং স্মারকে, যাচিত প্রতিবেদন অতিসত্ত্বর প্রেরণের জন্য তাগিদপত্র প্রেরণ করা হয়। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ এবং ই-মেইলের মাধ্যমেও তাগিদপত্র প্রেরণ করা হয়েছিল। পর্যালোচনায় দেখা যায়, এখন পর্যন্ত অনেক মহানগর/উপজেলা হতে যাচিত প্রতিবেদন পাওয়া যায়নি। ফলে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হচ্ছে না। বিষয়টি অনভিপ্রেত।

বর্নিত প্রেক্ষিতে, যাচিত তথ্যাদি/প্রতিবেদন নির্ধারিত ছকে, এখন পর্যন্ত প্রেরণ করা না হয়ে থাকলে অতিসত্ত্বর তা প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

(মোঃ জুলফিকার আলী হায়দারী)

উপসচিব

ফোনঃ ৯৫৬৬৫৭২

ই-মেইলঃ dsgazet@molwa.gov.bd

১। জেলা প্রশাসক..... (মহানগরী এলাকার ক্ষেত্রে)

২। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২। যুগ্ম-সচিব (গেজেট, প্রত্যয়ন ও সনদ), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৩। যুগ্ম-সচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব - মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৫। সচিবের একান্ত সচিব -সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।